Sanatan Dharma

---

**শ্রী শ্রী সরস্বতীর অষ্টোত্তর শতনাম**

সরস্বতীর পুষ্পাঞ্জলী মন্ত্রঃ(৩ বার পাঠসহ)

ওঁ জয় জয় দেবী চরাচর সারে, কুচযুগশোভিত মুক্তাহারে।
বীনারঞ্জিত পুস্তক হস্তে, ভগবতী ভারতী দেবী নমহস্তুতে।।
নমঃভদ্রকাল্যৈ নমো নিত্যং সরস্বত্যৈ নমো নমঃ।
বেদ-বেদাঙ্গ-বেদান্ত-বিদ্যা-স্থানেভ্য এব চ।।
এস স-চন্দন পুষ্পবিল্ব পত্রাঞ্জলি সরস্বত্যৈ নমঃ।।

প্রনাম মন্ত্রঃ
নমো সরস্বতী মহাভাগে বিদ্যে কমললোচনে।
বিশ্বরূপে বিশালাক্ষ্মী বিদ্যাংদেহি নমোহস্তুতে।।
জয় জয় দেবী চরাচর সারে, কুচযুগশোভিত মুক্তাহারে।
বীনারঞ্জিত পুস্তক হস্তে, ভগবতী ভারতী দেবী নমহস্তুতে।।

সরস্বতীর স্তবঃ
শ্বেতপদ্মাসনা দেবী শ্বেত পুষ্পোপশোভিতা।
শ্বেতাম্ভরধরা নিত্যা শ্বেতাগন্ধানুলেপনা।।
শ্বেতাক্ষসূত্রহস্তা চ শ্বেতচন্দনচর্চ্চিতা।
শ্বেতবীণাধরা শুভ্রা শ্বেতালঙ্কারভূষিতা
বন্দিতা সিদ্ধগন্ধর্ব্বৈর্চ্চিতা দেবদানবৈঃ।
পূঝিতা মুনিভিঃ সর্ব্বৈঋষিভিঃ স্তূয়তে সদা।।
স্তোত্রণোনেন তাং দেবীং জগদ্ধাত্রীং সরস্বতীম্।
যে স্মরতি ত্রিসন্ধ্যায়ং সর্ব্বাং বিদ্যাং লভন্তি তে।।

************************

সর্বোত্তম নাম তার দেবী সরস্বতী।১

দেবগণ কৃত নাম হয় যে ভারতীয়।। ২

বেদকত্রী হয়ে দেবী হন বেদমাতা।৩

গীর্ব্বাণী নামে তিনি জগৎ বিখ্যাত 4

বাগদেবী হলেন তিনি বাক্য সৃষ্টি করি।৫

শ্বেতাম্বরধরা নাম শ্বেত বস্ত্র পরি ।।৬

বাক্যের স্বরূপ বলে বাণী নাম তার।৭

করেন অক্ষরা নামে জগৎ উদ্ধার॥৮

পদ্মাসনা নাম হল পদ্ম পরী বসি।৯

মুক্তি প্রদায়িনী বলে মোক্ষদা প্রবাসী ।।১০

© মন্ত্র শিক্ষা-"পুরোহিত দর্পণ"

শ্বেতবীণা করে তাই শ্বেতবীণাধরা।১১
শ্বেতপদ্ম ধরি হন শ্বেতপদ্মকরা।১২
জগত তারণ হেতু জগদ্ধাত্রী নাম।১৩
ক্ষেমঙ্করী নামে হয় পূর্ণ মনস্কাম।১৪
অক্ষসূত্র করে তাই অক্ষসূত্রকরা।১৫
শুভঙ্করী নামে দেবী পালনে এ ধারা ১৬
কোন বিদ্যা নাহি হয় কৃপা বিনা তাঁর।
স্ববিদ্যা-অধিষ্ঠাত্রী নামটি তাহার ১৭
পাপনাশ করি হন দুরিত-নাশিনী।১৮
গন্ধর্ব্বেরা পূজে তারে বলি বীণাপাণি ১৯
সনকাদি ঋষিগণে বলে সনাতনী।২০

© মন্ত্র শিক্ষা-"পুরোহিত দর্পণ"

আদ্যাশক্তি ব'লে দেবী হন পুরাতনী।
মহেশ্বরী নাম তার মহেশ্বর-পুরে।২১
সাবিত্রী তাহার নাম হয় ব্রহ্মপুরে॥২২
বৈষ্ণবী নামেতে তিনি বিষ্ণুপুরে খ্যাত।২৩
ত্রৈলোক্য-জননী নামে সর্বত্র বিদিত ২৪
সর্বমন্ত্রময়ী নাম সামাদি বেদেতে।২৫
বিভাবরী নাম তার বিদিত জগতে ২৬
তুষ্টি নাম হ'ল করি সন্তোষ বিধান।২৭
পুষ্টি নাম হ'ল তার করি পুষ্টি ধান ২৮
ক্রোধ রূপা তিনি হন শত্রুর মন্দিরে।২৯
ধনেশ্বরী নাম তার কুবের-আগারে।৩০

© মন্ত্র শিক্ষা-"পুরোহিত দর্পণ"

ত্রিপুরা তাহার নাম বিখ্যাত ভুবনে।৩১
তপস্বিনী নাম তার মুনি তপোবনে।৩২
কুমারী তাহার নাম গৃহস্থের ঘরে॥৩৩
মহাভয়ঙ্করী নাম হয় দৈত্যপুরে।৩৪
ভক্তবিশ্যা নাম তার ভক্তের ভবনে।৩৫
উগ্রচণ্ডা নামে খ্যাত এ তিনি ভুবনে।৩৬

বীরমাতা নামে খ্যাত হন ক্ষত্রকুলে।৩৭
বিজয়িনী নাম তার হয় রণস্থলে।৩৮
কুলাচাররত স্থানে শ্রীকুলসুন্দরী।৩৯
ত্রিভুবন মধ্যে দেবী শ্রী ভুবনেশ্বরী॥৪০
© মন্ত্র শিক্ষা-"পুরোহিত দর্পণ"
সিদ্ধিদাত্রী নাম তার সিদ্ধি দান করে।৪১
খেচরী নামেতে খ্যাত গগন মাঝারে।৪২
বুদ্ধিদান করি দেবী হলেন বুদ্ধিদা।৪৩
বিতরণ করে জ্ঞান হলেন জ্ঞানদা॥৪৪
যোগিনীগণেরা ডাকে বলিয়া যোগিনী।৪৫
জ্ঞানীরা সকলে ভজে বলি মনস্বিনী।৪৬
মঙ্গলা নামেতে দেবী মঙ্গলদায়িনী।৪৭
বহ্নিতে তিনিহি পুনঃ জ্বালিনীরূপিণী॥৪৮
গুণেরে অতীত বলে নাম যে নির্গুণ।৪৯
সর্ব্বগুণযুতা তাই নাম যে সণ্ডণা॥৫০
© মন্ত্র শিক্ষা-"পুরোহিত দর্পণ"
ক্লেশ নাশ করি দেবী ক্লেশ-বিনাশিনী।৫১
সুদক্ষ মন্ত্রণা দানে নাম যে মন্ত্রী॥৫২
আনন্দে সদাই মগ্ন সদানন্দময়ী।৫৩
বলিপ্রিয়া নামে তিনি সদা কৃপাময়ী॥৫৪
মন্দাকিনী নামে তিনি সাগরবাসিনী।৫৫
জয়দা নামেতে দেবী বিজয়দায়িনী।৫৬
বসুমতি রূপে তিনি পৃথিবীরূপিণী।৫৭
শ্মশানে তিনিহি দেবী শ্মশানবাসিনী। ৫৮
পার্বতী তিনিহি দেবী তিনি শ্বেতবর্ণা।৫৯
বারাণসী-ধামে তিনি দেবী-অন্নপূর্ণা॥৬০
© মন্ত্র শিক্ষা-"পুরোহিত দর্পণ"
গুহ্যবিদ্যা খ্যাত তার বিদ্যার মাঝারে।৬১
পার্ব্বর্তী তাহার নাম নগেন্দ্র-মন্দিরে।৬২
ক্ষমাণ্ডণে বিভূষিতা তাই ক্ষমাবতী।৬৩
পাতালে নাগিনী নামে তাহার বসতি।৬৪

দশভূজা নামে তিনি শ্রীদুর্গারমণী।৬৫
অষ্টাদশভূজা রূপে দুঃখ বিনাশিনী॥৬৬
গঙ্গা নামে জল রূপে বসতি ধরায়।৬৭
স্বর্গ ধাম মন্দাকিনী তাহাকেই কয়। ৬৮
ভোগবতী নাম তার পাতাল-ভুবনে।৬৯
সতী নাম হয় তার মহেশ-ভবনে।৭০
© মন্ত্র শিক্ষা-"পুরোহিত দর্পণ"
অচিন্তা তাহার নাম চিন্তা বিনাশিয়া।৭১
সুমতি তাহার নাম বুদ্ধি ভিতরিয়া॥৭২
পুণ্যের আধার তাই নাম পুণ্যালয়া।৭৩
পীনোন্নতত্তনী স্তন উন্নত বলিয়া॥৭৪
করেতে লেখনি ধরি লেখনি-ধারিণী।৭৫
হাসিমুখ সদা তাই নাম স্মেরাননী॥৭৬
মহামায়া নামে তিনি মায়ার আধার।৭৭
গজেন্দ্র গমনা তাই ধীর গতি তার।৭৮
মধুর বচন তাই মধুর ভাষিণী।৭৯
নারায়ণ বামে তিনি হন নারায়ণী॥৮০
© মন্ত্র শিক্ষা-"পুরোহিত দর্পণ"
চন্ড মুন্ড বধে দেবী চামুণ্ডারূপিণী।৮১
প্রচণ্ডা রূপেতে তিনি দানব-ঘাতিনী। ৮২
মেঘের বরণে নব নীল ঘনশ্যামা।৮৩
নীল সরস্বতী রূপে তিনি যে মা উমা॥৮৪
জীবের দুর্গতি নাশি দুর্গতি-হারিণী।৮৫
কামরূপ তিনি হন কামাক্ষ্যা বাসিনী॥৮৬
ময়ূর-বাহন তিনি সাজেন কৌমারী।৮৭
মুক্তকেশী নাম তার কেশ মুক্ত করে॥৮৮
অট্টহাসি বলে তারে হেরি উচ্চ হাস।৮৯
পূণ্যশ্লোকা নামে তিনি জগতে প্রকাশ॥৯০
© মন্ত্র শিক্ষা-"পুরোহিত দর্পণ"
সুন্দর নিয়ম তার তাইত সুনীতি।৯১
কৈবল্যদায়িনী নাম দিয়ে মুক্তি। ৯২

পরম ঈশ্বরী তিনি বিদিত ভুবনে।৯৩

গীতপ্রিয়া নামে খ্যাত সঙ্গীত-ভবনে ৯৪

বামদেবী নাম তার জানে সর্বজন।৯৫

তরুণী নামতে পূজে যত ভক্ত জন ৯৬

ক্ষোভকরি ক্ষোভহরি তিনি সরস্বতী।৯৭

ঐশ্বর্যশালী তাই নাম ভূতমিতী ৯৮

মন্দ মন্দ হাসি তাই নাম মন্দ হাসা।৯৯

সত্যবতী নাম তার তিনি সৰ্বভাষা ১০০

সিংহ হারি চড়ি দেবী শ্রীসিংহবাহিনী।১০১

থাকিয়া কমলবনে কমলবাসিনী॥১০২

তারাগণ মধ্যে তাঁর নাম অরুন্ধতী।১০৩

শিবাসনা নামে তার সর্বোপরি স্থিতি ১০৪

গৌরী নামে বিভাষিত সৰ্ব্বত্র বিভূতি।১০৫

শিবকে করিয়া দূত নাম শিবদূতী।১০৬

সুরগণ মধ্যে তিনি দেবী সুরেশ্বরী।১০৭

মোক্ষদাত্রী নামে তিনি জগত-ঈশ্বরী॥১০৮

Published on: Jan, 14 2023 11:44